

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৯৮

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ ইবাদতে মধ্যমপন্থা অবলম্বন

## আরবী

وَعَن أَنَسٍ قَالَ : دَخَلَ النَّبِيُّ عَيَالِيُّ المَسْجِدَ فَإِذَا حَبْلٌ مَمْدُودٌ بَيْنَ السَّارِيَتَيْنِ فَقَالَ مَا هَذَا الحَبْلُ ؟ قَالُواْ : هَذَا حَبْلٌ لِزَيْنَبَ فَإِذَا فَتَرَتْ تَعَلَّقَتْ بِهِ فَقَالَ النَّبِيُّ عَلَيْ حُلُّوهُ لِيُصلِّ الحَبْلُ ؟ قَالُواْ : هَذَا حَبْلٌ لِزَيْنَبَ فَإِذَا فَتَرَتْ فَلْيَرْقُدْ مُتَّفَقٌ عَلَيهِ

## বাংলা

(৩৯৮) আনাস (রাঃ) হতে বর্ণিত, একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মসজিদে প্রবেশ করলেন। হঠাৎ দেখলেন যে, একটি দড়ি দুই স্তম্ভের মাঝে লম্বা করে বাঁধা রয়েছে। তারপর তিনি বললেন, এই দড়িটা কী (জন্য)? লোকেরা বলল, এটি যয়নাবের দড়ি। যখন তিনি (নামায পড়তে পড়তে) ক্লান্ত হয়ে পড়েন, তখন এটার সঙ্গে ঝুলে যান! নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, এটিকে খুলে ফেল। তোমাদের মধ্যে (যে নামায পড়বে) তার উচিত, সে যেন মনে ক্ষুর্তি থাকাকালে নামায পড়ে। তারপর সে যখন ক্লান্ত হয়ে পড়বে, তখন সে যেন শুয়ে যায়।

## ফুটনোট

(বুখারী ১১৫০, মুসলিম ১৮৬৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন